দৈনিক ইনকিলাব

101

তারিখ 03 DEC 1987
পৃষ্ঠা 5 কলাম 1

১২

# শিক্ষা সার্বজনীন হওয়া বাঞ্ছনীয়

আমাদের শিক্ষা ব্যবস্থা একটি স্বাধীন-সার্বভৌম দেশের চাহিদার ভিত্তিতে যুগোপযোগী করে ঢেলে সাজিয়ে নতুন শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে বিভিন্ন মহল অনেক আগে থেকে দাবী পেশ করে আসছে। কিন্তু আজ পর্যন্ত জাতীয় চাহিদার ভিত্তিতে একটি নতুন সার্বজনীন শিক্ষা ব্যবস্থা চালু করা সম্ভব হয়নি। ফলে আমাদের শিক্ষাসহ বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নের পরিবর্তে পাশ্চাদমুখী হতে হচ্ছে। এখানে উল্লেখ করা যায় যে, মার্কিন যুক্তরাষ্ট্রের স্টকহোমস বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক ইনস্টিটিউট ১৯৮২ সাল থেকে 'বাংলাদেশে শিক্ষা ও প্রশিক্ষণ' এক মূল্যায়ন জরিপ কাজ করে। সম্প্রতি উক্ত জরিপ রিপোর্ট প্রকাশিত হয়েছে। জরিপে দেশের সার্বিক শিক্ষা ব্যবস্থার মূল্যায়ন ছাড়াও প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষার ক্ষেত্রে খাতওয়ারী মূল্যায়নের প্রচেষ্টা চালানো হয়। রিপোর্টে উল্লেখ করা হয় যে, বাংলাদেশের শিক্ষা ব্যবস্থায় সামান্য অগ্রগতি লক্ষ্য করা গেলেও তা সার্বজনীন হতে পারেনি। উপনিবেশিক বৈশিষ্ট্য ছাড়াও সমাজের ভাগ্যবানদের হাতেই তা সীমাবদ্ধ রয়েছে। দেশে বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষা প্রাধান্য পাওয়ার প্রয়োজনীয়তা থাকা সত্ত্বেও লক্ষ্যহীন এক শিক্ষা ব্যবস্থা দেশে প্রচলিত রয়েছে।

শিক্ষা ক্ষেত্রে অর্থ বরাদ্দের পরিমাণ অপর্যাপ্ত হওয়া ছাড়াও অপচয় ও অপব্যবহার এক মারাত্মক সমস্যার রূপ নিয়েছে। তদুপরি পরিকল্পনা, প্রশাসন ও তত্ত্বাবধানের ক্ষেত্রে চরম শূন্যত্য বিরাজ করছে বলে রিপোর্টে উল্লেখ করা হয়েছে।

অত্যন্ত দুঃখজনক হলেও একথা বলতে হচ্ছে যে, স্বাধীনতা উত্তর এ সময়ের মধ্যে দেশে অবৈতনিক বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করাও সম্ভব হয়নি। ফলে প্রাথমিক শিক্ষার স্তর থেকেই দেশে ধনী-গরীব ছাত্র-ছাত্রীদের মধ্যে বৈষম্যের প্রাচীর গড়ে উঠেছে। জাতীয় জীবনে শিক্ষা ক্ষেত্রে এরূপ বৈষম্য জাতির ভিত্তিমূলে মারাত্মক আঘাত হানছে। তাই একটি স্বাধীন জাতির জন্য সার্বজনীন শিক্ষা ব্যবস্থা একান্ত অপরিহার্য।

উল্লেখ্য, দেশের শিক্ষা বিভাগ, শিক্ষক ও শিক্ষিত সমাজ মূলতঃ জাতিকে দিক-নির্দেশনা দিয়ে থাকেন। কিন্তু পরিতাপের বিষয় এদিক থেকে আমরা গর্ব করতে পারছি না। দেশের শিক্ষা বিভাগের কোন কোন কর্মকর্তা এবং এক শ্রেণীর শিক্ষক দুর্নীতিকে প্রশ্রয় দিচ্ছে বলে বিভিন্ন সূত্র থেকে অভিযোগ পাওয়া যাচ্ছে। দেশের প্রাথমিক বিদ্যালয়সমূহে শিক্ষক নিয়োগ ক্ষেত্রে এই দুর্নীতি প্রকট হয়ে দেখা দিয়েছে বলে বিভিন্ন জেলা থেকে প্রাপ্ত তথ্যে জানা গেছে। কাজেই শিক্ষা ব্যবস্থা ত্রুটিমুক্ত করার সাথে সাথে এসব দুর্নীতি দূর করা না হলে দেশে সুষ্ঠু শিক্ষা ব্যবস্থা গড়ে উঠতে পারে না। এসব বিষয়গুলো বিবেচনা করেই আমাদের সার্বজনীন শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করা একান্ত প্রয়োজন।